বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ২০২৬ সালের মে মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৪.০৫.২০২৬
সময় : সকাল ১০.০০টা
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে সভাপতি স্বাগত জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি উপ-মহাব্যবস্থাপক (পিএ)-কে অনুরোধ করেন। উপ-মহাব্যবস্থাপক (পিএ)-সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | উপ-মহাব্যবস্থাপক (পিএ)-সভার শুরুতে এপ্রিল, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কিনা তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তাগণ একমত প্রকাশ করেন। | এপ্রিল,২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক জানান, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া গিয়েছে। ছাড়পত্রটি ১৩.০৫.২০২৬ তারিখ হতে ১২.০৫.২০২৭ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, ছাড়পত্রটি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঈদ-উল-আযহার পর জেলা প্রশাসকের কার্যালয়ে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। কমিটি কর্তৃক প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান যে, ইতোমধ্যে অর্থ বিভাগ হতে লিকুইডিটি সার্টিফিকেট পাওয়া গিয়েছে এবং DPP সংশোধনপূর্বক তা পেট্রোবাংলায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ভূমি হুকুমদখল কার্যক্রম দ্রুত সম্পন্ন করা, ডিপিপি অনুমোদনের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং প্রকল্প এলাকার মালামাল ও যন্ত্রপাতির নিরাপত্তা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। | ১। প্রাপ্ত পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। DPP অনুমোদনের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>৩। প্রকল্প এলাকায় সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতির নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি)<br>৩। প্রকল্প ব্যবস্থাপক |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক(উৎপাদন) ও প্রকল্প পরিচালক সভায় জানান, ভোলা নর্থ কূপের পাইপলাইন স্থাপনের কাজ চলমান থাকলেও ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ পরিশোধ না হওয়ায় স্থানীয় জনগণের বাধার কারণে কাজ সাময়িকভাবে বন্ধ রয়েছে। এ সময় ঠিকাদারের একজন শ্রমিক স্থানীয় লোকজনের আক্রমণে আহত হন এবং এ বিষয়ে স্থানীয় একটি থানায় মামলা দায়ের করা হয়েছে। তিনি আরোও জানান যে, ৭ ধারা নোটিশ জারির পর নির্ধারিত সময় অতিবাহিত হলেও জেলা প্রশাসকের কার্যালয় হতে কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রত্যাশিত পর্যায়ে পাওয়া যাচ্ছে না। ব্যবস্থাপনা পরিচালক বিষয়টিকে গুরুতর হিসেবে উল্লেখ করে তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি স্থানীয় প্রশাসন, পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের সাথে জরুরি ভিত্তিতে যোগাযোগ করে কাজ পুনরায় শুরু করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। একইসাথে প্রসেস প্লান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট, বৈদেশিক প্রকিউরমেন্ট, গ্যাস গ্যাদারিং/সেলস লাইন এবং কমিশনিং সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত ফলোআপ করার নির্দেশনা প্রদান করেন। | ১। পাইপলাইন স্থাপন কাজে স্থানীয় বাধা ও শ্রমিক আহত হওয়ার ঘটনাটি জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, পেট্রোবাংলা ও মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>২। ভূমি অধিগ্রহণ/ ক্ষতিপূরণ পরিশোধ সংক্রান্ত জটিলতা নিরসনে জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে জরুরি যোগাযোগ করে কাজ পুনরায় শুরু করতে হবে।<br>৩। প্রকল্প বাস্তবায়নে কোনো বাধা, বিলম্ব বা প্রশাসনিক জটিলতা দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং পিআইসি/পিএসসি সভায় উপস্থাপন করতে হবে।<br>৪। প্রসেস প্লান্ট, সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট, বৈদেশিক প্রকিউরমেন্ট এবং কমিশনিং সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে।<br>৫। গ্যাস গ্যাদারিং/সেলস লাইন স্থাপন ও কমিশনিংয়ের জন্য সংশ্লিষ্ট সংস্থার সাথে প্রয়োজনীয় পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান যে, ১৫০০ হর্সপাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় প্রকল্পের ডিপিপি অনুমোদন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটির লিকুইডিটি সার্টিফিকেট পাওয়া গিয়েছে। সংশ্লিষ্ট দপ্তর হতে বিষয়টি ফরোয়ার্ড করা হয়েছে। প্রাপ্ত লিকুইডিটি সার্টিফিকেটের ভিত্তিতে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করে প্রকল্প প্রস্তাবটি প্রেরণ করা হবে। সভায় জানানো হয়, একই সময়ে অন্যান্য প্রকল্প প্রস্তাব প্রেরণের কার্যক্রম থাকায় ১৫০০ হর্সপাওয়ার রিগ প্রকল্পের প্রস্তাবটি ঈদ-উল-আযহার পর প্রেরণ করা হবে। | ১। ১৫০০ হর্সপাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রাপ্ত লিকুইডিটি সার্টিফিকেটের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন/প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>২। প্রকল্প প্রস্তাবটি ঈদ-উল-আযহার পর সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ডিপিপি অনুমোদন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য নিয়মিত ফলোআপ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) এবং<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| ৫। | অর্গানোগ্রাম | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান, অর্গানোগ্রাম সংক্রান্ত বিষয়ে উপমহাব্যবস্থাপক (প্রশাসন) কাজ করছেন। ইতোমধ্যে খসড়া অর্গানোগ্রাম উপস্থাপন করা হয়েছে এবং সকল ডিভিশনের প্রত্যাশা অনুযায়ী তা প্রণয়ন করা হয়েছে। উপস্থাপিত খসড়া অর্গানোগ্রাম বিষয়ে সংশ্লিষ্টদের সন্তুষ্টি রয়েছে এবং অবশিষ্টদের মতামত/সন্তুষ্টিও প্রত্যাশা করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণের মতামত গ্রহণপূর্বক বিষয়টি বোর্ডে উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। তিনি অর্গানোগ্রাম প্রণয়নের ক্ষেত্রে বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার উপর গুরুত্বারোপ করেন। | ১। বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল ডিভিশনের মতামতের ভিত্তিতে অর্গানোগ্রাম চূড়ান্ত করে পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬। | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান, প্রকল্পের ভূমি সংক্রান্ত জটিলতা স্থানীয় সংসদ সদস্য এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সহযোগিতায় নিরসন করা হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে চেক বিতরণ সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট এলাকায় কাজ শুরু হয়েছে। উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ক্রয় প্রস্তাব ৩০.০৪.২০২৬ তারিখে সিসিজিপি সভায় অনুমোদিত হয়েছে এবং ১২.০৫.২০২৬ তারিখে জিও পাওয়া গিয়েছে। পরবর্তীতে ১৪.০৫.২০২৬ তারিখে ঠিকাদারকে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে এবং ১৫.০৫.২০২৬ তারিখে ঠিকাদার প্রতিষ্ঠান তা গ্রহণ করে পত্র প্রদান করেছে। ইতোমধ্যে রিভিউয়ের জন্য ড্রাফট কন্ট্রাক্ট ঠিকাদারকে প্রদান করা হয়েছে। পারফরম্যান্স সিকিউরিটি প্রাপ্তির পর চুক্তি স্বাক্ষর করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ২০.০৬.২০২৬ তারিখের মধ্যে ঠিকাদারের সাথে নিয়মিত যোগাযোগ রেখে দ্রুত পিজি গ্রহণ এবং চুক্তি স্বাক্ষরের তারিখ নির্ধারণের নির্দেশনা প্রদান করেন। একইসাথে চুক্তির ড্রাফট যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা, পিজি যাচাই এবং চুক্তির শর্তাবলি ভালোভাবে বুঝে নেওয়ার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। এছাড়া কোনো ধরনের অস্পষ্টতা বা সমস্যা চুক্তিতে রাখা যাবে না মর্মে ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) চুক্তি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব করলে ব্যবস্থাপনা পরিচালক তাতে সম্মতি প্রদান করেন। প্রকল্প পরিচালক পেট্রোবাংলার ন্যায় বাপেক্সেও চুক্তি ব্যবস্থাপনার জন্য পৃথক ডিভিশন গঠনের বিষয়ে মতামত প্রদান করেন। | ১। ভূমি সংক্রান্ত জটিলতা নিরসনের পর শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ খনন কার্যক্রম দ্রুত এগিয়ে নিতে হবে।<br>২। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ রেখে পারফরম্যান্স সিকিউরিটি দ্রুত গ্রহণ করতে হবে।<br>৩। ২০.০৬.২০২৬ তারিখের মধ্যে চুক্তি স্বাক্ষরের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>৪। প্রকল্প পরিচালক কর্তৃক ড্রাফট কনট্র্যাক্ট ভালোভাবে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে এবং চুক্তির সকল শর্তাবলি স্পষ্টভাবে বুঝে নিতে হবে।<br>৫। পারফরম্যান্স সিকিউরিটি যাচাইপূর্বক কোনো ত্রুটি বা অস্পষ্টতা থাকলে তা চুক্তি স্বাক্ষরের পূর্বেই নিরসন করতে হবে।<br>৬। চুক্তিতে কোনো ধরনের সমস্যা, অস্পষ্টতা বা বাপেক্সের স্বার্থবিরোধী শর্ত রাখা যাবে না।<br>৭। চুক্তি ব্যবস্থাপনা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>৩। প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| ৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ হাসান লতিফ জানান যে, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে ডিপিপি পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, বর্ণিত বিষয়ে পরিচালক পর্ষদের ৫১৮তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে প্রস্তাবিত "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের দরপত্র দলিল প্রস্তুত কাজ শুরু করার এবং পরবর্তীতে উক্ত দরপত্র দলিল পর্ষদ সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপনের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী দরপত্র দলিল প্রস্তুত কাজ চলমান আছে। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, BPPA এর ওয়েবসাইটে ইতোমধ্যে Standard Tender Document (STD) Upload করা | ১। "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের মালামাল ক্রয়ের লক্ষ্যে ৫১৮তম পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত দরপত্র দলিল প্রস্তুত কাজ সম্পন্ন করার এবং পরবর্তীতে উক্ত দরপত্র দলিল পর্ষদ সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ৫১৮তম পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত দরপত্র দলিল প্রস্তুত কাজ সম্পন্ন করার এবং পরবর্তীতে উক্ত দরপত্র দলিল পর্ষদ সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। | | |
| ৮। | অডিট আপত্তি | উপব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় কোম্পানির বর্তমান অডিট আপত্তির অবস্থা উপস্থাপন করেন। তিনি জানান, দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে অডিট আপত্তির সংখ্যা হ্রাসের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, গত ২০ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক সভায় ৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে, একটি আপত্তির ক্ষেত্রে আংশিক নিষ্পত্তি হয়েছে এবং ২টি আপত্তি প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে নিষ্পত্তির সম্ভাবনা রয়েছে। সভায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর পেনশন নিষ্পত্তি সংক্রান্ত অডিট আপত্তির বিষয়েও আলোচনা হয়। বিশেষভাবে অস্থায়ী শ্রমিক মজুরি খাতে মোট ৪৩.৩৮ লক্ষ টাকার একটি অডিট আপত্তির বিষয়ে আলোচনা করা হয়। বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট তিনজনের নিকট হতে আনুপাতিক হারে অর্থ আদায়ের বিষয়টি বিবেচনায় রয়েছে। তবে অডিট আপত্তির পরিমাণ, বোর্ডের সিদ্ধান্ত এবং হিসাব বিভাগের মতামতের মধ্যে কিছু অস্পষ্টতা থাকায় বিষয়টি নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মানবিক দৃষ্টিকোণ বিবেচনায় এবং আইনের মধ্যে থেকে বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য প্রশাসন, হিসাব ও অর্থ বিভাগ এবং নিরীক্ষা উপবিভাগকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন এবং প্রয়োজনে আইনগত মতামত গ্রহণ করে পেনশন নিষ্পত্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়া দরপত্রসমূহ মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন এবং দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান, বর্তমানে বহিঃসদস্য হিসেবে বুয়েট, এনএপিডি, বিএসইসি এবং ওয়াসা হতে প্রতিনিধি অন্তর্ভুক্ত রয়েছেন। ব্যবস্থাপনা পরিচালক দরপত্রের ধরন ও কারিগরি প্রাসঙ্গিকতা বিবেচনায় বহিঃসদস্যের একটি প্যানেল প্রস্তুত করার বিষয়ে নির্দেশনা দেন এবং বুয়েটের পিএমআরই বিভাগ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ওয়াসা, বিসিআইসি/বিএসইসি বা সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করে মনোনয়ন আহ্বানের নির্দেশনা প্রদান করেন। | ১। দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা নিয়মিত আয়োজন করে অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে।<br><br>২। জ্বালানি অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে আপত্তি নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>৩। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর পেনশন নিষ্পত্তি সংক্রান্ত অডিট আপত্তির বিষয়ে প্রশাসন, হিসাব ও অর্থ বিভাগ এবং নিরীক্ষা উপবিভাগ সমন্বিতভাবে কাজ করবে।<br><br>৪। দরপত্র মূল্যায়ন কমিটিতে বহিঃসদস্য অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করে একটি প্যানেল প্রস্তুত করতে হবে।<br><br>৫। দরপত্রের প্রকৃতি ও প্রাসঙ্গিকতা বিবেচনায় কেস-টু-কেস ভিত্তিতে প্যানেল হতে বহিঃসদস্য নির্বাচন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br><br>৪। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br><br>৫। উপব্যবস্থাপক (নিরীক্ষা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাম ড্রিলিং সংশ্লিষ্ট কাজের ড্রিলিং অংশ সম্পন্ন হয়েছে। কাজ চলাকালীন কিছু কারিগরি সমস্যা দেখা দিলেও সভা করে তা সমাধান করা হয়েছে। অবশিষ্ট কাজসমূহ দ্রুত সম্পন্ন করে ডিএসটি কার্যক্রমে যাওয়ার প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। তিনি আরও জানান, ওয়ার্কওভার চলাকালীন উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সমন্বয় করে কাজ করা হচ্ছে এবং প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় জানানো হয় যে, রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিংয়ে ক্যালসিয়াম কার্বোনেটের উপস্থিতির বিষয়টি একটি বিশেষ ধরনের সমস্যা হিসেবে বিবেচিত হচ্ছে। এ বিষয়ে ল্যাবরেটরি বিভাগ, ভূতত্ত্ব বিভাগ, উৎপাদন বিভাগ ও খনন বিভাগের সমন্বয়ে বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন যে, ক্যালসিয়াম কার্বোনেটের উপস্থিতি, এর সম্ভাব্য উৎস এবং উৎপাদন পর্যায়ে এর প্রভাব যথাযথভাবে খতিয়ে দেখতে হবে। উৎপাদন পর্যায়ে এ ধরনের সমস্যা দেখা দিলে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন, সে বিষয়ে ল্যাবরেটরি ও উৎপাদন বিভাগকে পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সংশ্লিষ্ট অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করে ডিএসটি কার্যক্রমে যাওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ওয়ার্কওভার/ডিএসটি চলাকালীন উদ্ভূত সম্ভাব্য সমস্যা নিরসনের জন্য খনন, ভূতত্ত্ব, উৎপাদন, প্রকৌশল ও ল্যাবরেটরি বিভাগকে পূর্ব প্রস্তুতি রাখতে হবে।<br>৩। রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিংয়ে ক্যালসিয়াম কার্বোনেটের উপস্থিতির বিষয়টি ল্যাবরেটরি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।<br>৪। ল্যাবরেটরি বিভাগ এককভাবে মতামত প্রদান করতে অসুবিধা হলে ভূতত্ত্ব, উৎপাদন ও খনন বিভাগের প্রতিনিধিদের সমন্বয়ে বিষয়টি পর্যালোচনা করতে হবে।<br>৫। উৎপাদন পর্যায়ে ক্যালসিয়াম কার্বোনেট জমার সম্ভাব্য প্রভাব এবং তা প্রতিরোধ/নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের মতামতসহ প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৬। উৎপাদন শুরুর পূর্বে সম্ভাব্য ঝুঁকি ও করণীয় বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৪। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৫। ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার, বাপেক্স |
| ১০। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | সভায় জানানো হয় যে, সেমুতাং-৬ কূপে বিভিন্ন কারিগরি ও বাস্তবায়নজনিত সমস্যার সম্মুখীন হওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট সকল বিভাগের সমন্বিত প্রচেষ্টায় সফলভাবে ডিএসটি ও কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে কূপটি হতে আনুমানিক ২.৫ এমএমসিএফডি গ্যাস উৎপাদন পাওয়া যাচ্ছে, যা সরাসরি রিং মেইনে সরবরাহ করা হচ্ছে। এ সফলতার জন্য ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় সেমুতাং-৬ কূপে কাজ শেষে রিগ দ্রুত কোথায় স্থানান্তর করা হবে সে বিষয়ে মহাব্যবস্থাপক (খনন) জানান, সংশ্লিষ্টদের সাথে আলোচনায় সুন্দলপুর-৩ কূপে রিগ স্থানান্তর করে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের বিষয়টি বিবেচনায় রয়েছে। বর্ষাকাল আসন্ন হওয়ায় রিগটি দ্রুত স্থানান্তর করা প্রয়োজন। তবে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সার্ভিস সংক্রান্ত কিছু চ্যালেঞ্জ থাকতে পারে। ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন যে, সুন্দলপুর-৩ কূপে সার্ভিস ছাড়া ওয়ার্কওভার করা সম্ভব কি না, সে বিষয়ে খনন, প্রকৌশল ও সংশ্লিষ্ট কারিগরি বিভাগের সমন্বয়ে টেকনিক্যাল কমিটির সভা আহ্বান করতে হবে। | ১। সেমুতাং-৬ কূপে ডিএসটি ও কমপ্লিশন সফলভাবে সম্পন্ন হওয়ায় উৎপাদন কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। সুন্দলপুর-৩ কূপে রিগ স্থানান্তর ও ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য টেকনিক্যাল কমিটির সভা আহ্বান করতে হবে।<br>৩। ৩য় পক্ষীয় সার্ভিস গ্রহণ ছাড়া সুন্দলপুর-৩ ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ করা সম্ভব কি না, তা বিদ্যমান ডিএসটি, পারফোরেশন, ব্রিজ প্লাগ এবং জোনভিত্তিক অবস্থার আলোকে পর্যালোচনা করতে হবে।<br>৫। টেকনিক্যাল কমিটির মতামত/রিপোর্টের ভিত্তিতে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভার কার্যক্রমের বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br>৫। সুন্দলপুর-৩ কূপে প্রয়োজনীয় সিভিল কাজ দ্রুত শুরু করার বিষয়ে | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৪। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)<br>৫। ডিআইসি, সেমুতাং-৬ কূপ ওয়ার্কওভার |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সভায় আরও আলোচনা হয় যে, সার্ভিস প্রাপ্তিতে বিলম্বের কারণে একাধিক রিগের কাজ প্রভাবিত হতে পারে। এ কারণে ই-জিপিতে টেন্ডার আপলোড না হওয়া/সার্ভিস টেন্ডার আহ্বানে বিলম্বের বিষয়টি উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ এবং পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়কে অনুলিপি প্রদান করার নির্দেশনা প্রদান করা হয়। | মহাব্যবস্থাপক (নির্মাণ)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। ওয়েল লগিং, ডিএসটি ও অন্যান্য প্রয়োজনীয় সার্ভিস গ্রহণের জন্য টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৭। ই-জিপিতে টেন্ডার আপলোড/সার্ভিস টেন্ডার আহ্বানে বিলম্বের বিষয়টি উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে এবং পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়কে অনুলিপি প্রদান করতে হবে।<br>৮। সেমুতাং এলাকায় রিগ অবস্থানকালীন এবং উৎপাদন পর্যায়ে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | |
| ১১। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান, সুন্দরপুর-৪ কূপের রিগ আপ ১৮.০৫.২০২৬ তারিখে সম্পন্ন হয়েছে। মহাব্যবস্থাপক (খনন) জানান, রিগের টেস্টিং ও কমিশনিং সম্পন্ন করে ওয়ার্কেবল অবস্থায় রিগ হ্যান্ডওভার করা হলে ড্রিলিং কার্যক্রম শুরু করা যাবে। সংশ্লিষ্ট স্থানে লোকবল ইতোমধ্যে সংযুক্ত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক আইপিএস রিগ সফলভাবে ব্যবহারযোগ্য হওয়ায় প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট বিভাগসমূহের কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানান। সভায় ওয়েল সার্ভিস বিভাগ হতে জানানো হয় যে, কোনো রিগের কাজ শেষ হওয়ার পর মাড সিস্টেমসহ বিভিন্ন অংশে কিছু রক্ষণাবেক্ষণ থাকে। দ্রুত রিগ স্থানান্তরের ক্ষেত্রে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সম্পন্ন করার জন্য পর্যাপ্ত সময় ও প্রকৌশল বিভাগের সহযোগিতা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ কূপের ড্রিলিং কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। সভায় সুন্দলপুর-৪ কূপে ০১.০৬.২০২৬ তারিখে ড্রিলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সুন্দলপুর সাউথ-১ কূপে ১৫.০৬.২০২৬ তারিখে রিগ আপ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং জুন মাসের মধ্যেই ড্রিলিং কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সভায় রূপগঞ্জে ট্রেইলার মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কাজ সম্পন্ন/চলমান রয়েছে মর্মে জানানো হয়। মেঘনা-১ কূপ ওয়ার্কওভার কাজে রিগ পরিবহনের জন্য ছোট/সংকুচিত রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল-কে পত্র প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ১। সুন্দলপুর-৪ কূপে রিগের টেস্টিং ও কমিশনিং দ্রুত সম্পন্ন করে রিগ ওয়ার্কেবল অবস্থায় খনন বিভাগের নিকট স্থানান্তর করতে হবে।<br>২। সুন্দলপুর-৪ কূপে ০১.০৬.২০২৬ তারিখে ড্রিলিং কার্যক্রম শুরু করতে হবে।<br>৩। রিগ হ্যান্ডওভার ও ড্রিলিং শুরুর পূর্বে মাড সিস্টেমসহ প্রয়োজনীয় মেইনটেন্যান্স/ফাইন্ডিংস দ্রুত সমাধান করতে হবে।<br>৪। ওয়েল সার্ভিস বিভাগের প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী প্রকৌশল বিভাগকে দ্রুততার সাথে সমাধান করতে হবে।<br>৫। সুন্দলপুর সাউথ-১ কূপে ১৫.০৬.২০২৬ তারিখে রিগ আপ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।<br>৬। সুন্দলপুর সাউথ-১ কূপে রিগ আপ ও কমিশনিং সম্পন্ন করে জুন ২০২৬ মাসের মধ্যে ড্রিলিং কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ খনন সংক্রান্ত সকল কার্যক্রম প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে সমন্বিতভাবে কাজ করতে হবে।<br>৮। প্রয়োজনীয় জনবল, মালামাল, সার্ভিস ও রিগ-সংক্রান্ত প্রস্তুতি আগাম নিশ্চিত করতে হবে।<br>৯। রূপগঞ্জে ট্রেইলার মেরামতের কাজ দ্রুত সম্পন্ন/নিশ্চিত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স।<br>৪। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৫। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ১০। মেঘনা-১ কূপ ওয়ার্কওভার কাজে রিগ পরিবহনের ছোট/সংকুচিত রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল-এর সাথে পত্র যোগাযোগের ফলোআপ করতে হবে। | |
| ১২। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (সেবা) হতে জানানো হয় যে, থান্ডার অ্যারেস্টার স্থাপনের কাজ হয়েছে। এছাড়া সম্প্রতি বাপেক্স ভবনে ফায়ার ড্রিল অনুষ্ঠিত হয়েছে, যেখানে সংশ্লিষ্ট সকলে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। লিফট সংস্কার বিষয়ে সভায় জানান, লিফটগুলো সচল করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বারবার তাগিদ দেওয়ায় বর্তমানে লিফট সচল রয়েছে। তবে লিফট যান্ত্রিক বিষয় হওয়ায় বিভিন্ন সময়ে ছোটখাটো ত্রুটি দেখা দিতে পারে। লিফট মেরামত ও রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠানের বিল পরিশোধ সংক্রান্ত কিছু জটিলতা রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-এর দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রয়োজনীয় কাগজপত্র সঠিকভাবে দাখিল করা হলে বিল দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। ইলেকট্রিক্যাল সোর্সসমূহ পরীক্ষা-নিরীক্ষা বিষয়ে সভায় আলোচনা হয় যে, ভবনের কোথাও যেন লুজ কানেকশন বা ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক সংযোগ না থাকে। ল্যাবরেটরিতে সংঘটিত সাম্প্রতিক অগ্নিকান্ডের বিষয়েও আলোচনা হয়। প্রাথমিকভাবে মটর পুড়ে গেছে বলে ধারণা করা হলেও পরবর্তীতে দেখা যায় যে, মটরটি অক্ষত রয়েছে এবং ক্যাপাসিটর মাত্রাতিরিক্ত উত্তপ্ত হওয়ার কারণে আগুনের সূত্রপাত হয়েছে। | ১।ফায়ার ড্রিলের অভিজ্ঞতার আলোকে অগ্নি-নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে হবে।<br><br>২। লিফটসমূহ নিয়মিত সচল রাখার জন্য নির্দিষ্ট সময় অন্তর প্রিভেন্টিভ মেইনটেন্যান্স করতে হবে।<br><br>৩। লিফট রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠানের বিল নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় চালান, এমআরআর ও অন্যান্য কাগজপত্র যথাযথভাবে দাখিল ও যাচাইপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৪। বাপেক্স ভবনের সকল ইলেকট্রিক্যাল সোর্স, ওয়্যারিং, ক্যাবল ও কানেকশন নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br><br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| ১৩ | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১৩.১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। তবে স্মার্ট টেন্ডার ডকুমেন্টসহ কয়েকটি আইটেম/বিষয়ে সংশ্লিষ্ট পক্ষ প্রয়োজনীয় তথ্য/রিপোর্ট গ্রহণ করলেও এখনো চূড়ান্ত রিপোর্ট পাওয়া যায়নি। কাজ সম্পন্নের নির্ধারিত সময়সীমা ০১.০৬.২০২৬ তারিখ থাকলেও বিভিন্ন প্রতিবন্ধকতার কথা উল্লেখ করে মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর সময় বৃদ্ধির আবেদন করেছে। ব্যবস্থাপনা পরিচালক বিষয়টি চূড়ান্ত বাস্তবায়ন নির্দেশনা প্রদান করেন। তিনি কাজটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য আনুষ্ঠানিকভাবে তাগিদপত্র প্রদান করার পরামর্শ প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২। সংশ্লিষ্ট পক্ষের সময় বৃদ্ধির আবেদন বিধি মোতাবেক পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। সোলার প্যানেল স্থাপন কার্যক্রম বিলম্বিত না করে দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট পক্ষকে তাগিদপত্র প্রদান করতে হবে।<br><br>৪। স্মার্ট টেন্ডার ডকুমেন্ট/রিপোর্টসহ সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য দ্রুত সংগ্রহ করে কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৩.২। সভায় ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ছাতক গ্যাস ফিল্ডে বাপেক্স কর্তৃক কার্যক্রম গ্রহণের প্রেক্ষিতে রেভিনিউ শেয়ারিং বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে বাপেক্স, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট গ্যাস ফিল্ড/কোম্পানির প্রতিনিধিগণ অন্তর্ভুক্ত রয়েছেন। কমিটির সদস্যগণ ছাতক গ্যাস ফিল্ড পরিদর্শন করেছেন এবং মাঠ পর্যায়ের অবস্থা পর্যবেক্ষণ করেছেন। সভায় আরও জানানো হয় যে, ছাতক গ্যাস ফিল্ডের বিষয়ে কার্যক্রম চলমান থাকলেও ফেনী গ্যাস ফিল্ডের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। ফেনী গ্যাস ফিল্ডে বাপেক্স কীভাবে কার্যক্রম গ্রহণ করবে, তা পরবর্তীতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তি/কার্যক্রম গ্রহণের বিষয়ে পেট্রোবাংলার সাথে নিয়মিত যোগাযোগ এবং প্রয়োজনীয় ফলোআপ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br><br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| | | ১৩.৩। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, বাপেক্স-এর বিভিন্ন প্রকল্পের মালামাল/যন্ত্রপাতি আমদানিকালে Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে বিদ্যমান PSI প্রতিষ্ঠানের পাশাপাশি নতুন একটি PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে বিভিন্ন বিভাগের মতামত গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে জটিলতা এড়ানোর লক্ষ্যে নতুন PSI প্রতিষ্ঠান নিয়োজনের বিষয়টি আরও যাচাই-বাছাই করা হচ্ছে। তিনি আরও জানান যে, বিদ্যমান PSI প্রতিষ্ঠান এর সাথে বাপেক্সের চুক্তির মেয়াদ মে-২০২৬ এ শেষ হবে। তাই, বর্ণিত চুক্তির মেয়াদ শেষে PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে দরপত্র আহবান করা হলে সেটি আরও যথাযথ হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অধিকতর স্বচ্ছতা ও প্রতিযোগিতা নিশ্চিতপূর্বক দ্রুততম সময়ের মধ্যে PSI প্রতিষ্ঠান নিয়োজনের পরামর্শ প্রদান করেন। | ১। স্বচ্ছতা ও প্রতিযোগিতা নিশ্চিতপূর্বক দ্রুততম সময়ের মধ্যে PSI প্রতিষ্ঠান নিয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১৩.৪। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, বাপেক্স ভবন বর্ধিত করার বিষয়ে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে; তবে কার্যক্রম প্রত্যাশিতভাবে অগ্রসর করা যায়নি। এছাড়া বর্তমানে ভবন সংক্রান্ত নতুন কাজ গ্রহণে সরকারি বিধিনিষেধ থাকায় কাজ বাস্তবায়নে সীমাবদ্ধতা রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বর্তমানে বাপেক্সে জনবল বৃদ্ধি পাচ্ছে এবং ভবিষ্যতে আরও জনবল যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে ৩৪ জন জনবল সংক্রান্ত প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা | ১। বাপেক্স ভবনের ১২ তলার উপরে অতিরিক্ত ফ্লোর নির্মাণের বিষয়ে গঠিত কমিটি দ্রুত সভা করে সম্ভাব্যতা প্রতিবেদন দাখিল করবে।<br><br>২। অতিরিক্ত তিন/চার/পাঁচটি ফ্লোর নির্মাণের প্রয়োজনীয়তা, সম্ভাব্যতা, জনবল চাহিদা, স্থান সংকট এবং বিধিনিষেধ বিবেচনায় নিয়ে প্রস্তাবনা প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। তাই বাপেক্স ভবনের ১২ তলার উপরে অতিরিক্ত তিন/চার/পাঁচটি ফ্লোর নির্মাণের সম্ভাব্যতা, প্রয়োজনীয়তা এবং বাস্তবায়নযোগ্যতা নিয়ে একটি সুস্পষ্ট প্রস্তাবনা প্রস্তুত করার নির্দেশনা প্রদান করা হয়। সভায় কর্মকর্তা-কর্মচারীদের বসার জায়গার সংকট, বিশেষ করে নতুন ব্যাচের কর্মকর্তা-কর্মচারীদের আসন সংকট এবং স্টাফ বাস/যাতায়াত সুবিধা সংক্রান্ত সমস্যার বিষয়েও আলোচনা হয়। এছাড়া বিভিন্ন অফিস কক্ষে অতিরিক্ত গরমের কারণে কাজের পরিবেশ বিঘ্নিত হচ্ছে মর্মে সভায় জানানো হয়। পূর্ববর্তী সিদ্ধান্ত অনুযায়ী কিছু বিভাগে Exhaust ফ্যান স্থাপনের পর সুফল পাওয়া গেছে। সে অভিজ্ঞতার আলোকে অন্যান্য প্রয়োজনীয় কক্ষে শক্তিশালী Exhaust ফ্যান স্থাপনের বিষয়টি বিবেচনা করার পরামর্শ প্রদান করা হয়। | ৩। ভবন বর্ধিত করার ক্ষেত্রে এমবার্গো/বিধিনিষেধ থাকলে তা প্রত্যাহার বা প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের বিষয় বিবেচনা করতে হবে।<br>৪। কর্মকর্তা-কর্মচারীদের বসার জায়গার সংকট নিরসনে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>৫। নতুন কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াত/স্টাফ বাস সুবিধা সংক্রান্ত সমস্যা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। অফিস কক্ষে অতিরিক্ত গরমের সমস্যা নিরসনে প্রয়োজনীয় স্থানে শক্তিশালী Exhaust ফ্যান স্থাপনের বিষয় পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।<br>৭। পূর্বে Exhaust ফ্যান স্থাপনের সুফল বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় বিভাগ/কক্ষে ধাপে ধাপে ভেন্টিলেশন ব্যবস্থা উন্নত করতে হবে। | |
| | | ১৩.৫। সভায় মানিকগঞ্জ, জলদি-পটিয়া ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপসমূহের ডিপিপি/প্রাথমিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে জানানো হয় যে, এ বিষয়ে কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির মাধ্যমে সাইট ভিজিট সম্পন্ন হয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, সিভিল বিভাগের পক্ষ থেকে সংশ্লিষ্ট কমিটিগুলো গঠন করা হয়েছে, সাইট ভিজিট সম্পন্ন হয়েছে এবং প্রাথমিক কাজ শুরু করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বিষয়টি পরিকল্পনা বিভাগের সাথে সমন্বয় করে দ্রুত এগিয়ে নেওয়ার নির্দেশনা প্রদান করেন। সভায় দরপত্র মূল্যায়ন কমিটির কার্যক্রম নিয়েও আলোচনা হয়। ব্যবস্থাপনা পরিচালক জানান, সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে দরপত্র মূল্যায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হয়েছে। তিনি নির্দেশনা প্রদান করেন যে, মূল্যায়ন কার্যক্রম অবশ্যই টেন্ডার ডকুমেন্টের শর্তাবলি অনুসারে সম্পন্ন করতে হবে। প্রিলিমিনারি পরীক্ষা, টেকনিক্যাল মূল্যায়ন এবং ফিন্যান্সিয়াল মূল্যায়নের প্রতিটি ধাপ যথাযথভাবে অনুসরণ করতে হবে। কোনো দরপত্র প্রিলিমিনারি পর্যায়ে বাতিল হলে তার সুস্পষ্ট কারণ উল্লেখ করতে হবে। দরপত্রদাতা যদি টেন্ডার ডকুমেন্টের নির্ধারিত ফরম্যাট, শর্ত বা ভাষা পরিবর্তন করে অথবা দরপত্রে উল্লেখ না থাকা লোকাল এজেন্টের নাম বিড সিকিউরিটি/পারফরম্যান্স সিকিউরিটিতে অন্তর্ভুক্ত করে, তাহলে তা যথাযথভাবে পরীক্ষা | ১। মানিকগঞ্জ, জলদি-পটিয়া ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ সংশ্লিষ্ট প্রকল্প/ডিপিপি কার্যক্রম দ্রুত এগিয়ে নিতে পরিকল্পনা বিভাগ ও নির্মাণ বিভাগের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে।<br>২। গঠিত কমিটির সাইট ভিজিটের আলোকে প্রয়োজনীয় প্রতিবেদন/প্রস্তাবনা দ্রুত প্রস্তুত করতে হবে।<br>৩। দরপত্র মূল্যায়ন কার্যক্রম টেন্ডার ডকুমেন্টের শর্তাবলি অনুসারে প্রিলিমিনারি, টেকনিক্যাল ও ফিন্যান্সিয়াল ধাপে যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>৪। দরপত্র বাতিল/অযোগ্য ঘোষণার ক্ষেত্রে সুস্পষ্ট কারণ ও প্রমাণভিত্তিক ব্যাখ্যা সংরক্ষণ করতে হবে।<br>৫। টেন্ডার ডকুমেন্টের ফরম্যাট, শর্ত, ব্যাংক সক্ষমতা সনদ, লোকাল এজেন্ট সংক্রান্ত তথ্য এবং বিড/পারফরম্যান্স সিকিউরিটি যথাযথভাবে যাচাই করতে হবে।<br>৬। দরপত্র মূল্যায়নে কোনো ধরনের শৈথিল্য, অসতর্কতা বা ব্যক্তিগত বিবেচনা প্রয়োগ করা যাবে না; বোর্ডের নির্দেশনা অনুসারে সততা ও | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সভায় সুবর্ণচর-১, নোয়াখালী-১ ও সুন্দরবন-৫ সংশ্লিষ্ট প্রকল্পের বিষয়েও আলোচনা হয়। ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে। সুবর্ণচর-১ প্রকল্পের রাস্তা ও ভূমি উন্নয়ন-সংক্রান্ত সিভিল কাজের বিষয়ে পূর্বে বোর্ডের অনুমোদন গ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে ডিপিপি প্রক্রিয়ায় পরিবর্তন/বিলম্ব হওয়ায় সিভিল কাজ কীভাবে অগ্রসর করা যায় সে বিষয়ে আলোচনা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় অনুমোদন সাপেক্ষে সিভিল কাজ অগ্রসর করার উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | পেশাগত দক্ষতার সাথে মূল্যায়ন সম্পন্ন করতে হবে।<br>৭। সুবর্ণচর-১, নোয়াখালী-১ ও সুন্দরবন-৫ সংশ্লিষ্ট ডিপিপি/প্রকল্প প্রক্রিয়ার অগ্রগতি নিয়মিত ফলোআপ করতে হবে।<br>৮। সুবর্ণচর-১ প্রকল্পের রাস্তা ও ভূমি উন্নয়নসহ প্রয়োজনীয় সিভিল কাজ অনুমোদন সাপেক্ষে অগ্রসর করার জন্য প্রয়োজনীয় প্রস্তাব/শর্ট প্ল্যান প্রস্তুত করতে হবে। | |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৮/২০২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ........................................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক .................................................................... বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক .............................................. বাপেক্স।
৪) অফিস কপি।